

নতুন জন্ম সনদ প্রাপ্তির লক্ষ্যে অনলাইন এর মাধ্যমে আবেদনপত্র দাখিল করার নিয়মাবলি :

১. প্রথমে <http://bdris.gov.bd/br/application> ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।

২. জন্ম নিবন্ধন সনদ আপনার কোন ঠিকানার অফিস থেকে সংগ্রহ করতে চান \* অপশন হতে

- জন্মস্থান
- স্থায়ী ঠিকানা
- বর্তমান ঠিকানা

চাহিত স্থানের ঘরটি সিলেক্ট করার পর “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে।

[বিশেষভাবে লক্ষণীয় যে, রংপুর সেনানিবাস হতে জন্ম নিবন্ধন সংগ্রহ করার ক্ষেত্রে বর্তমান ঠিকানা অথবা জন্মস্থান ঠিকানা রংপুর সেনানিবাস হতে হবে। এক্ষেত্রে অত্র সেনানিবাসের ঠিকানা অনলাইনে পূরণ করতে হলে প্রথমে “রংপুর বিভাগ” অপশন সিলেক্ট করার পর তারপর জেলার ঘরে “রংপুর” এবং সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট উপজেলার ঘরে “রংপুর সেনানিবাস” ও অঞ্চল এর ঘরে “Area-1” নির্বাচন করার পর “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে।]

৩. তারপর ‘নিবন্ধনাধীন ব্যক্তির পরিচিতি’ ও ‘জন্মস্থানের ঠিকানা’ এর তথ্যাবলি পূরণ করার পর “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে।

৪. তারপর ‘পিতার তথ্য’ ও ‘মাতার তথ্য’ পূরণ করার পর “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে। (তবে নিবন্ধনাধীন ব্যক্তির জন্ম তারিখ ০১-০১-২০০১ তারিখ বা তার পর হলে পিতা ও মাতার জন্ম নিবন্ধন নম্বর ব্যতীত নিবন্ধন কার্য সম্পাদন করা যাবে না।)

৫. তারপর ‘স্থায়ী ঠিকানা’ ও ‘বর্তমান ঠিকানা’র ঘর পূরণ করতে হবে।

৬. তারপর ‘আবেদনকারী প্রত্যয়ন’, ‘জন্মতারিখের তথ্য প্রদানকারীর তথ্য’ ও ‘স্থায়ী ঠিকানার তথ্য প্রদানকারীর তথ্য’ পূরণ করে “পরবর্তী” বাটনে ক্লিক করতে হবে।

৭. তারপর সাবমিট দেওয়ার পর আবেদনপত্র প্রিন্ট দেওয়ার পর তা প্রয়োজনীয় কাগজপত্র সহ নিবন্ধক অফিসে যোগাযোগ করতে হবে।

[বিঃ দ্রঃ ‘বাসা ও সড়ক (নাম ও নম্বর)’ না থাকলে একটা ড্যাশ (-) বাটনে ক্লিক করতে হবে]

জন্ম সনদ সংশোধন করার লক্ষ্যে অনলাইন এর মাধ্যমে আবেদনপত্র দাখিল করার নিয়মাবলি :

১. প্রথমে <http://bdris.gov.bd/br/correction> ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।
২. জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ এর ঘরে তা প্রদান করতে হবে।
৩. “নির্বাচন করুন” অপশনে ক্লিক করে কনফার্ম করুন।
৪. তারপর অফিসের ঠিকানা “রংপুর বিভাগ” অপশন সিলেক্ট করার পর জেলার ঘরে “রংপুর” এবং সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট উপজেলার ঘরে “রংপুর সেনানিবাস” ও অঞ্চল এর ঘরে “Area-1” নির্বাচন করার পর আবেদনকারীর তথ্য পূরণ করার পর “সাবমিট” বাটনে ক্লিক করতে হবে।
৫. তারপর “আবেদনপত্র প্রিন্ট” করে নিতে হবে। এরপর প্রয়োজনীয় প্রমানিক কাগজপত্র সহ নিবন্ধক কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

জন্ম সনদ পুনর্মুদ্রণ করার লক্ষ্যে অনলাইন এর মাধ্যমে আবেদনপত্র দাখিল করার নিয়মাবলি :

১. প্রথমে <http://bdris.gov.bd/br/reprint/add> ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।
২. জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ এর ঘরে তা প্রদান করতে হবে।
৩. “নির্বাচন করুন” অপশনে ক্লিক করে “কনফার্ম” করুন।
৪. তারপর অফিসের ঠিকানা “রংপুর বিভাগ” অপশন সিলেক্ট করার পর জেলার ঘরে “রংপুর” এবং সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট উপজেলার ঘরে “রংপুর সেনানিবাস” ও অঞ্চল এর ঘরে “Area-1” নির্বাচন করার পর আবেদনকারীর তথ্য পূরণ করার পর “সাবমিট” বাটনে ক্লিক করতে হবে।
৫. তারপর “আবেদনপত্র প্রিন্ট” করে নিতে হবে। এরপর প্রয়োজনীয় প্রমানিক কাগজপত্র সহ নিবন্ধক কার্যালয়ে যোগাযোগ করতে হবে।